



**vikram**  
vision in action

SOLAR PV MODU

Shri Buddh

SOLAR PRIVATE LIMITED

Ho...le Ch



SRI H. N. CHANDRAY

SRI SURESH BHATTACHARYA

SRI DEBESH DAS

PROF. AJIT KUMAR ROY

দক্ষিণ চব্বিশ পরগনার ফলতায় বিক্রম সোলার সংস্থার সোলার ফোটোভোল্টাইক মডিউলের উদ্বোধনী অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী। ছবি: নকিবউদ্দিন গাজি

# বিদ্যুৎ সংকট কাটাতে বিকল্প শক্তিতেই আস্থা রাখছেন বুদ্ধ

নিজস্ব প্রতিবেদন, রাজ্যের বিদ্যুৎ সংকট দূর করতে বিকল্প শক্তির উপরই গুরুত্ব দিতে চান মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য। বুধবার দক্ষিণ চব্বিশ পরগনার ফলতায় বিক্রম সোলারের সোলার ফোটোভোল্টাইক মডিউল উৎপাদন কেন্দ্রের উদ্বোধনী অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী জানান, এ রাজ্যের ৯৫ শতাংশ বিদ্যুৎ বিপজ্জনক ভাবে তাপবিদ্যুৎ কেন্দ্র থেকেই উৎপাদিত হয়। উত্তরবঙ্গ বাদ দিলে, রাজ্যে জলবিদ্যুৎ উৎপাদনের তেমন সুযোগ না-থাকার কথাও উল্লেখ করেন মুখ্যমন্ত্রী। বুধবার সন্ধ্যায় ফলতার বিশেষ অর্থনৈতিক জোন বা এসইজেড-এ বিক্রম গ্রুপের একশো কোটি টাকা ব্যয়ে নির্মিত পিডি মডিউল কারখানার উদ্বোধন করে মুখ্যমন্ত্রী সৌর-সহ অন্যান্য অচিরাচরিত বিদ্যুৎ শক্তি ব্যবহারে গুরুত্ব দেন। তিনি দাবি করেন, সৌর শক্তি ব্যবহারে গোটা দেশের মধ্যে অগ্রণী ভূমিকা নিচ্ছে।

এই অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে রাজ্যের তথ্য ও প্রযুক্তিমন্ত্রী দেবেশ দাস জানান, আন্ডলে

একশো একর জমির উপর সোলার ভ্যালি বানানোর পরিকল্পনা বিবেচনা করছে রাজ্য সরকার। পশ্চিমবঙ্গ গ্রিন এনার্জি ডেভেলপমেন্ট করপোরেশনের ম্যানেজিং ডিরেক্টর এসপি গণটোথরী দাবি করেন, সৌরশক্তির ব্যবহারে এ রাজ্যই এগিয়ে রয়েছে। বিক্রম গ্রুপের চেয়ারম্যান এইচ কে চৌধুরী সোনারবাংলাকে 'সোলার বাংলা'য় পরিণত করার ডাক দেন। উদ্বোধনী অনুষ্ঠান শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় তিনি অবশ্য কোনও সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে সরকারি কাজে টিলেমির অভিযোগও করেন। বর্তমানে একশো কোটি টাকা খরচ করা হলেও, এ বছরই আরও চারশো কোটি টাকা খরচ করে উৎপাদনের লক্ষ্যমাত্রা পঁচিশ মেগাওয়াট থেকে পঞ্চাশ মেগাওয়াট করা হচ্ছে বলে বিক্রম গ্রুপের তরফে জানানো হয়েছে। জার্মানিতেও সৌরবিদ্যুৎ উৎপাদনের সঙ্গে যুক্ত বিক্রম গ্রুপের তরফে জানানো হয়েছে, বহু মানুষের কর্মসংস্থানের বিষয়টিও তাঁরা মাথায় রাখছেন।